

নবী মোর পরশ মনি  
কাজী নজরুল ইসলাম

নবী মোর পরশ মনি  
নবী মোর সোনার খনি  
নবী নাম জপে যে জন সেইতো দোজাহানের ধনী ॥

নবী মোর নুরে খোদা  
তার তরে সকল পয়দা  
আদমের কলবেতে তারই নুরের রৌশনী ॥

ঐ নামে সুর ধরিয়া  
পাথী যায় গান করিয়া  
ঐ নামে আকুল হইয়া ফুল ফোতে সোনার বরণী ॥

চাঁদ সুরূ্য গ্রহ তারা  
তারই নউরের ইশারা  
নইলে যে অঙ্ককারে ডুবিত এই ধরণী ॥

নিদানে আখেরাতে  
ত্বরাইতে পুল সিরাতে  
কান্দারী হইয়া নবী পার করিবেন সেই তরণী ॥